



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd

e-mail: chairmanbisetyl@gmail.com



স্মারক নং: ৩৭.১৪.৯১০০.৩০০.৫২.০০১.২০-২০৬৪

তারিখ: ০১ আশ্বিন ১৪২৮বঙ্গাব্দ

১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি:

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের (২০২১ সালের এইচ এস সি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা থেকে বিতরণ করা হবে। অধ্যক্ষ মহোদয় বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলার নাম	রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ
সিলেট	১৯-০৯-২০২১ খ্রি:
হবিগঞ্জ	২২-০৯-২০২১ খ্রি:
মৌলভীবাজার	২৬-০৯-২০২১ খ্রি:
সুনামগঞ্জ	২৮-০৯-২০২১ খ্রি:

শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডের নিধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।
২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভুলত্রুটি থাকলে প্রয়োজনীয় প্রমাণকসহ যথাযথভাবে আবেদন আগামী ০৭-১০-২০২১ খ্রি: তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।
৩. অন্য শিক্ষা বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজি: কার্ড গ্রহণের জন্য পূর্বতন বোর্ড কর্তৃক ইস্যুকৃত রেজি: কার্ড অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।
৪. ভর্তি বাতিলকৃত কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তা আগামী ০৭-১০-২০২১ খ্রি: তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। কোনো ভাবেই ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা যাবে না।
৫. শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম সংশোধনের ক্ষেত্রে মাধ্যমিক পর্যায়ে সংশোধনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত ফরমে ০৭-১০-২০২১ খ্রি: তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে।
৬. অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু না হয়ে থাকলে ই-এসআইএফ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি এবং ম্যানুয়ালি ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু না হয়ে থাকলে ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র আগামী ০৭-১০-২০২১ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোন : ০৮২১-৮৪০০৮৬

email: bisecollegesection@gmail.com

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো-

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।